ইত্তেফাক

তারিখ ১৯।১।৮২
পৃষ্ঠা... কলাম...

239

044

# টেক্সট বুক বোর্ডের বক্তব্য

"দৈনিক ইত্তেফাক"-এর ৬-১-৮২ তারিখে 'পাঠ্য বই সমাচার' শিরোনামে যে সম্পাদকীয় প্রকাশিত হইয়াছে তাতে বলা হইয়াছে, "পাঠ্যসূচীভুক্ত কোন কোন বই ডাকঘরের মাধ্যমে সরবরাহ করা হইবে তাহা বলা হয় নাই।" অথচ আমরা সবিস্ময়ে লক্ষ্য করিলাম ঐ একই তারিখে ইত্তেফাকেই টেক্সটবুক বোর্ডের যে বিজ্ঞপ্তিটি (বিজ্ঞপ্তি নং ৫১, তারিখ ৩১/১২/৮১) প্রকাশিত হইয়াছে তাতেই স্পষ্টভাবে জানাইয়া দেওয়া হইয়াছে কোন শ্রেণীর কোন বই ডাক বিভাগ এবং কোন বই প্রাইভেট প্রকাশকগণ বিক্রি করিবেন। প্রকৃতপক্ষে ১৯৮২ সালের পাঠ্য পুস্তক বিক্রি শুরু করার পূর্বেই (৩১/১২/৮১ তারিখে) বই বিক্রি সংক্রান্ত উক্ত নীতিমালা বিজ্ঞপ্তি আকারে বিভিন্ন পত্রিকায় প্রকাশের জন্য প্রত্যেকটি পত্রিকার সম্পাদককে পৃথক পৃথকভাবে ৪৭৯৩ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হইয়াছিল।

মোঃ আবদার রশীদ সেক্রেটারী, বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ড, ঢাকা।